



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২৪৩৯৫১/ ৬৭৭ /চাপাই-১১০

তারিখঃ ২১ .০৮.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চাপাইনবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলাধীন খড়কাডাংগা দারুস সুন্নাহ আলিম মাদ্রাসার অধ্যক্ষ গভার্ণিং বডির সভাপতির বিভিন্ন অনিয়মের বিরুদ্ধে একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসার সভাপতি মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ১৩৩৬৩/২০১৭ রায়ের রুলিং অমান্য করে অধ্যক্ষের বেতন ভাতাদি প্রদান করা হয় না এবং ০৭ জন শিক্ষক নিয়োগে অর্থ আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগে উল্লেখ করছেন। (কপি সংযুক্ত)

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সার্বিক বিষয়ে মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক.....১..... পাতা

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

উপজেলা নির্বাহী অফিসার

গোমস্তাপুর, চাপাইনবাবগঞ্জ

নং-বামাশিবো/প্রশা/৩৩৩১৯১২৪৩৯৫১/

/চাপাই-১১০

তারিখঃ .০৮.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, চাপাইনবাবগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, চাপাইনবাবগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোমস্তাপুর, চাপাইনবাবগঞ্জ।
৪. অধ্যক্ষ, খড়কাডাংগা দারুস সুন্নাহ আলিম মাদ্রাসা, গোমস্তাপুর, চাপাইনবাবগঞ্জ।
৫. সভাপতি, খড়কাডাংগা দারুস সুন্নাহ আলিম মাদ্রাসা, গোমস্তাপুর, চাপাইনবাবগঞ্জ।
৬. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)
৭. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর,
রেজিষ্ট্রার,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়ঃ মাদ্রাসার সভাপতি বাতিল করন প্রসংগে।

সূত্রঃ অত্র বোর্ডের (গভর্নিং বডি মানেজিং কমিটি) প্রবিধান মালা ২০০৯- এর প্রবিধান ৩৮ (আটত্রিশ)।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে চাঁপাই নবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলাধীন খড়কাডাঙ্গা দারুস সুন্নাহ আলিম মাদ্রাসার সভাপতি মোঃ মোজাম্মেল হক নিম্নে বর্ণিত অভিযোগ সমূহে অভিযুক্ত--

১। বিগত ১৩/০১/১৫ ইং তারিখে সভাপতি হয়েই তিনি অধ্যক্ষ মাওঃ মোঃ তালেবুল ইসলামের এম ফিল গবেষণার জন্য পূর্ণ গড় বেতনে ছুটি কালিন সভাপতি মোঃ একরামুল হককে বাতিল করে সভাপতি হয়েই অক্টোবর- ২০১৪ ইং হতে মে- ২০১৯ ইং, পর্যন্ত দীর্ঘ ৫৬ (ছাপ্পন্ন) মাস বেতন ভাতাদি বন্ধ রেখে-(ক) তার প্রতি অমানবিক আচরন করেছেন। (খ) তাকে আর্থিক ভাবে অনটনে ফেলে গবেষণার কাজ বন্ধ করে দিয়েছিলেন। (গ) (১) মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং- ১৩৩৬৩/২০১৭ মামলায়- ২৪/০৯/২০১৭ খ্রীঃ এর রুলিং (২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০০১.১৮-২১৮, তারিখ-০১/০৭/২০১৮ এর পত্রদয় এবং (৩) মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, বেসরকারি মাধ্যমিক - ১ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩১.০০৭.১৫.৬৯৪, এর লঙ্ঘন করেছেন।

২। তার সময়ে ০৭ (সাত) জন শিক্ষক নিয়োগে ডোনেশানের প্রায় ৭০ (সত্তর) লক্ষ টাকা সহ মাদ্রাসার ০৯ (নয়) একর সম্পত্তির আয় ও অন্যান্য অসংখ্য আয় এর অর্থ আত্মসাত করেছেন।

৩। দীর্ঘ ০৭ (সাত) ০৮ আট বছর পূর্বে অবসরপ্রাপ্ত প্রাইমারি শিক্ষক মোঃ মোজাম্মেল হক শারিরিক ভাবে অসুস্থ ও চলাফেরায় অযোগ্য।

৪। বিগত ১০/০৫/২০১৮ ইং তারিখ হতে ০৭/০৫/১৯ইং পর্যন্ত কমিটির মেয়াদ না থাকা সত্ত্বেও শুধুমাত্র অধ্যক্ষ মহোদয়ের বেতন বন্ধ রাখার উদ্দেশ্যে তিনি নিয়মানুসারে ইউ এনু ও/ জেলা শিক্ষা অফিসারের প্রতিনিয়ন্ত্রণে শিক্ষকদের বেতন বিল উত্তোলন করতে না দিয়ে ক্ষমতার দাপটে নিজের প্রতিনিয়ন্ত্রণে উত্তোলন করেন।

৫। বিগত ০৮/০৫/১৯ইং তারিখে গভর্নিং বডি অনমোদন হলেও তিনি সকল অপকর্ম চালিয়ে যাওয়ার জন্য চাতুরতার সহিত বর্তমান সাংসদ মহোদয়কে এড়িয়ে সাবেক সাংসদ মোহাঃ গোলাম মোস্তফা বিশ্বাসের সুপারিশ নিয়ে অনিয়ম তান্তিক ভাবে গভর্নিং বডির সভাপতি হয়েছেন।

এতএব মহোদয়ের নিকট আকুল আবেদন। সূত্রে উল্লেখিত স্মারক বলে উল্লেখিত মোঃ মোজাম্মেল হকের সভাপতি পদ বাতিল করতে আপনার একান্ত মর্জি হয়।

গংযুক্তি,

- ১। হাইকোর্টের রিটের ফলাফল -০২ (দুই) কপি।
- ২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পত্র -০২(দুই) কপি।
- ৩। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের পত্র -০১ (এক) কপি।
- ৪। বেতন ও এমপিও-০২(দুই) কপি।
- ৫। গভর্নিং বডির পত্র -০২ (দুই)কপি।

বিনীত
মোঃ তালেবুল ইসলাম
৩০/৬/১৯
অধ্যক্ষ
অত্র মাদ্রাসা
মোবঃ ০১৭১০০৬২১৭০
তারিখ-৩০/০৬/২০১৯ ইং